

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
(দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা)
মতলব দক্ষিণ, চাঁদপুর।

স্মারক নং-৫১.০১.১৩৭৬.০০৩.৪২.০২.২০২২- ২০০

তাং:-২৪/০৮/২০২২খ্রিঃ

বিষয়ঃ ২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (কাবিখা) সাধারণ কর্মসূচীর আওতায় ১ম কিস্তির নন-সোলার (উন্নয়ন) খাতের নগদ অর্থের প্রকল্প তালিকা দাখিল প্রসঙ্গে।

সূত্রঃ জেলা প্রশাসক, চাঁদপুর মহোদয়ের স্মারক নং- ৫১.০১.১৩০০.০০০.১৪.০২১.২২-২৯৬

তাং:-০৮/০৮/২০২২খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) সাধারণ কর্মসূচীর আওতায় ১ম পর্যায়ে নন-সোলার (উন্নয়ন) খাতে ৩৮,৮৯,০৬৯.৩৯ টাকা, ২৫.৯২৭৪ মে.টন চাল ও ২৫.৯২৭৪ মে.টন গমের বরাদ্দ পাওয়া গিয়াছে। উক্ত বরাদ্দ মোতাবেক ০৬টি ইউপি চেয়ারম্যানগণকে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) নির্দেশিকা ২০২১ বর্ণিত অনুশাসনাবলী মোতাবেক ২০% রিজার্ভ রেখে অবশিষ্ট ৮০% ইউনিয়ন ওয়ারী ৫০% জনসংখ্যা ৫০% আয়তনের ভিত্তিতে নিম্নবর্ণিত হারে বিভাজন করা হলো।


ক্রঃ নং	ইউনিয়নের নাম	গড় % হার	বরাদ্দের পরিমাণ (টাকা)	বরাদ্দের পরিমাণ (চাল)	বরাদ্দের পরিমাণ (গম)
৭.	নায়েরগাঁও উত্তর	১৩.৩০ %	৪,১৩,০০০/-	২.৭৫০ মে.টন	২.৯২৭৪ মে.টন
৮.	নায়েরগাঁও দক্ষিণ	১৭.০০ %	৫,২৮,০০০/-	৩.৫০০ মে.টন	৩.৫০০ মে.টন
৯.	খাদেরগাঁও	১৩.৮০ %	৪,২৯,০০০/-	২.৯২৭৪ মে.টন	২.৭৫০ মে.টন
১০.	নারায়ণপুর	২৪.৩০%	৭,৫৫,০০০/-	৪.৭৫০ মে.টন	৪.৭৫০ মে.টন
১১.	উপাদী উত্তর	১৬.৪০ %	৫,১২,০০০/-	৩.৫০০ মে.টন	৩.৫০০ মে.টন
১২.	উপাদী দক্ষিণ	১৫.২০ %	৪,৭৪,০৬৯.৩৯/-	৩.৫০০ মে.টন	৩.৫০০ মে.টন
সর্বমোট=		১০০%	৩১,১৯,০৬৯.৩৯	২০.৯২৭৪ মে.টন	২০.৯২৭৪ মে.টন

প্রকল্প কাজের ধরণ/পরিধি:

- এই কর্মসূচিতে পুকুর/খাল খনন/পুন:খনন রাস্তা নির্মাণ/পুন:নির্মাণ, জলাবদ্ধতা দূরীকরণের জন্য নালা ও সেচনারা খনন/পুন:খনন, বিভিন্ন জনকল্যাণমূলক প্রতিষ্ঠানের মাঠে মাটি ভরাট, মাটির কিল্লা নির্মাণ/পুন:নির্মাণ কাজ এবং সোলার স্ট্রিট লাইট ও দুর্যোগ সহনীয় বাসগৃহে সোলার প্যানেল স্থাপন।
- বাঁধ ও রাস্তা রক্ষণাবেক্ষণ
- নালা নির্মাণ/সংস্কার, নর্দমা খনন এবং সংরক্ষণ।
- বিশুদ্ধ খাবার পানির জন্য গভীর নলকূপ স্থাপন।
- সাধারণ জনগণ ব্যবহার করে এরূপ গভীর পুকুর সংস্কার (উপজেলা কমিটির বিবেচনার্থে প্রকল্প গ্রহণ করিতে হইবে)।
- বর্ষণের ফলে নির্মিত রাস্তার মাটি সরে যেতে পারে এরূপ রাস্তার উভয় পার্শ্বে পাকা ওয়াল নির্মাণ। এইরূপ প্রকল্পে ৬০% খাদ্যশস্য বিক্রয় করিয়া টাকা বরাদ্দের ব্যবস্থা করা যাইবে।
- স্বল্প খরচে দরিদ্রতম পরিবারকে জন্য জলোচ্ছাস/বন্যা/ঘূর্ণিঝড়/সাইক্লোন সহনীয় গৃহনির্মাণ।
- মাটির কাজের প্রকল্পের অংশ হিসেবে প্রয়োজনে HBB (ইটের রাস্তা নির্মাণ), CC (Cement Concrete), WBM (Water Bound Macadam) করণের জন্য প্রকল্প গ্রহণ করা যাইবে। এইরূপ প্রকল্পে ৬০% খাদ্যশস্য বিক্রয় করিয়া টাকা বরাদ্দের ব্যবস্থা করা যাইবে)
- সকল প্রকল্পের স্থায়ী নাম ফলক (Indentification Number) সহ থাকিতে হইবে।

চেয়ারম্যান

.....ইউপি(সকল)
মতলব দক্ষিণ, চাঁদপুর।


(ফাহিমদা হক)
উপজেলা নির্বাহী অফিসার
মতলব দক্ষিণ, চাঁদপুর।